গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১১৬/২০১৭-১৮

ঢাকা, বৃহস্পতিবার ১৪ ডিসেম্বর ২০১৭, ৩০ অগ্রহায়ন ১৪২৪

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। শহিদ বুদ্ধিজীবী দিবস আজ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী

২। জেরুজালেম ইস্যুতে ওআইসি'র দৃঢ় অবস্থান চাইলেন রাষ্ট্রপতি
রোহিঙ্গা ইস্যুতে অব্যাহত সহায়তার আশ্বাস তুরস্কের

৩। বাংলাদেশে ফরাসি বিনিয়োগের আহ্বান জানালেন প্রধানমন্ত্রী

৪। জয় নিশ্চিত করতে ঐক্যবদ্ধ থাকুন : ফ্রান্সে প্রবাসীদের সংবর্ধনায় প্রধানমন্ত্রী

৫। প্রধানমন্ত্রী প্যারিস থেকে ফিরছেন আজ

৬। রোহিঙ্গাদের সহায়তায় সাড়ে ১৪ মিলিয়ন ডলার অনুদান দেবে যুক্তরাষ্ট্র :
স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে মার্কিন রাষ্ট্রদূতের সাক্ষাৎ

৭। রোহিঙ্গা সংকট সমাধানে জাতিসংঘের পাঁচ সুপারিশ

৮। খাদ্য ঘাটতি মোকাবিলায় জিএম ফসলের দিকে যেতে হবে : কৃষিমন্ত্রী

৯। জনশক্তিখাতে অনিয়ম বরদাশত করা হবে না : প্রবাসী কল্যাণমন্ত্রী

১০। থার্টিফার্স্ট নাইটে উন্মুক্ত অনুষ্ঠানে নিষেধাজ্ঞা :
শহিদ বুদ্ধিজীবি দিবস, বিজয় দিবস, বড়দিন ও থার্টিফার্স্ট নাইটকে সামনে রেখে নিরাপত্তা জোরদার

চলমান পাতা-২

**১।	শহিদ বুদ্ধিজীবী দিবস আজ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী**

আজ ১৪ ডিসেম্বর, শহিদ বুদ্ধিজীবী দিবস। বাঙালি জাতির জীবনে একটি কলঙ্কের দিন। দেশের শ্রেষ্ঠ সন্তান বুদ্ধিজীবী নিধনের মর্মন্তদ স্মৃতিঘেরা বেদনাবিধূর একটি দিন। বাঙালির মেধা-মনন-মনীষা শক্তি হারানোর দিন আজ। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে নয় মাস রক্তগঙ্গা পেরিয়ে গোটা জাতি যখন উদয়ের পথে দাঁড়িয়ে, ঠিক সেই সময়ই রাতের আঁধারে পরাজয়ের গ্লানিমাখা পাকিস্তানি হানাদারবাহিনী ও তাদের এদেশীয় দোসর রাজাকার, আলবদর, আল শামস ও শান্তি কমিটির সদস্যরা জাতির শ্রেষ্ঠ সন্তানদের বেছে বেছে হত্যা করে। গোটা বাঙালি জাতি আজ গভীর কৃতজ্ঞতায় স্মরণ করছে দেশের শহিদ কৃতী সন্তানদের। দেশের সর্বত্র আজ জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। রায়েরবাজার বধ্যভূমি ও মিরপুর শহিদ বুদ্ধিজীবী কবরস্থান এলাকায় নেওয়া হয়েছে নিশ্ছিদ্র নিরাপত্তা ব্যবস্থা।

এদিকে শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণীতে শহিদ বুদ্ধিজীবীদের গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **যুগান্তর** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**২।	জেরুজালেম ইস্যুতে ওআইসি'র দৃঢ় অবস্থান চাইলেন রাষ্ট্রপতি**
রোহিঙ্গা ইস্যুতে অব্যাহত সহায়তার আশ্বাস তুরস্কের

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, জেরুজালেম ইস্যুতে ওআইসি নীরব দর্শক হয়ে থাকতে পারে না। জেরুজালেমকে ইসরায়েলের রাজধানী হিসেবে মার্কিন স্বীকৃতির প্রেক্ষাপটে একটি সমন্বিত জবাবের সিদ্ধান্ত নিতে ওআইসির জরুরি সম্মেলনে রাষ্ট্রপতি এ কথা বলেন। ওআইসির জরুরি সম্মেলন তুরস্কের ইস্তাম্বুলে অনুষ্ঠিত হচ্ছে। সম্মেলনে রাষ্ট্রপতি বলেন, আমাদের অবশ্যই আল কুদস (জেরুজালেম) বিষয়ে এ পর্যন্ত গৃহীত ওআইসি'র বাস্তবসম্মত সিদ্ধান্তগুলো নিয়ে নিবিষ্টভাবে এগিয়ে যেতে হবে। তিনি বলেন, বাংলাদেশের জনগণ জেরুজালেমকে ইসরায়েলের কথিত রাজধানী হিসেবে মার্কিন ঘোষণার বিপক্ষে ফিলিস্তিনিদের সঙ্গে পূর্ণ সংহতি প্রকাশ করেছে।

রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশকে সহায়তা অব্যাহত রাখার আশ্বাস দিয়েছেন তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান। গতকাল (১৩ ডিসেম্বর বুধবার) ইস্তাম্বুলে ওআইসির সম্মেলনের পাশাপাশি রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকে এরদোয়ান এ আশ্বাস দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৩)।

**৩।	বাংলাদেশে ফরাসি বিনিয়োগের আহ্বান জানালেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশে বিশেষ অর্থনৈতিক অঞ্চল স্থাপনের পাশাপাশি শহুরে অবকাঠামো, জ্বালানি ও সমুদ্র অর্থনীতিখাতে বিনিয়োগের জন্য ফরাসি ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল (১৩ ডিসেম্বর বুধবার) প্যারিসে ফ্রান্সের শীর্ষ ব্যবসায়ী নেতৃবৃন্দের সঙ্গে এক বৈঠকে প্রধানমন্ত্রী এ আহ্বান জানান। তিনি বলেন, বাংলাদেশে বিভিন্ন ক্ষেত্রে ফরাসি বিনিয়োগের বিপুল সুযোগ রয়েছে। বাংলাদেশকে সার্বিকভাবে শিল্পায়িত করতে দেশজুড়ে একশটি বিশেষ অর্থনৈতিক অঞ্চল গড়ে তোলা হয়েছে। ফ্রান্সের বৃহত্তম নিয়োগকারী ফেডারেশন মুভমেন্ট অভ্ দি এন্টারপ্রাইজেস অভ্ ফ্রান্স গতকাল হোটেল ইন্টারকন্টিনেন্টাল প্যারিস লা গ্রাঁন্ডে এ বৈঠকের আয়োজন করে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **প্রথম আলো** (পৃ.২,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৩), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

**৪।	জয় নিশ্চিত করতে ঐক্যবদ্ধ থাকুন : ফ্রান্সে প্রবাসীদের সংবর্ধনায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী সাধারণ নির্বাচনে বিজয় নিশ্চিত করার লক্ষ্যে দলের সকল স্তরের নেতা-কর্মীদের ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, 'আমরা আগামী নির্বাচনে জয়লাভ করবো। কারণ

জনগণ আমাদের পক্ষে রয়েছে। তারা ভোট দেওয়ার জন্য প্রস্তুত'। গত (১২ ডিসেম্বর) মঙ্গলবার রাতে হোটেল ইন্টারকন্টিনেন্টাল প্যারিস লা গ্রাঁন্ডে আওয়ামী লীগের ফ্রান্স শাখা আয়োজিত প্রবাসী বাংলাদেশিদের এক সংবর্ধনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। প্রধানমন্ত্রী ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রঁর আমন্ত্রণে ওয়ান প্ল্যানেট শীর্ষ সম্মেলনে যোগ দিতে গত সোমবার তিন দিনের সরকারি সফরে সেখানে গেছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৫। প্রধানমন্ত্রী প্যারিস থেকে ফিরছেন আজ

প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'ওয়ান প্লানেট সামিট' উপলক্ষে ফ্রান্সে তিনদিনের সরকারি সফরশেষে আজ ১৪ ডিসেম্বর বৃহস্পতিবার দেশে ফিরছেন। প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী আমিরাতের ফ্লাইটটি স্থানীয় সময় রাত ৯টা ৩৫ মিনিটে (বাংলাদেশ সময় বুধবার দিবাগত রাত ২টা ৩৫ মিনিটে) প্যারিসের চার্লস দ্য গল আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করেছে। প্রধানমন্ত্রী দুবাই হয়ে আজ ১৪ ডিসেম্বর বৃহস্পতিবার বিকেলে ঢাকায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছবেন বলে আশা করা হচ্ছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.১)।

৬। রোহিঙ্গাদের সহায়তায় সাড়ে ১৪ মিলিয়ন ডলার অনুদান দেবে যুক্তরাষ্ট্র : স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে মার্কিন রাষ্ট্রদূতের সাক্ষাৎ

আশ্রিত রোহিঙ্গাদের সহায়তায় যুক্তরাষ্ট্র ১৪৫ মিলিয়ন ডলার অনুদান দেবে বলে জানিয়েছেন বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মার্শিয়া বার্নিকাট। তিনি বলেছেন, মিয়ানমার থেকে পালিয়ে এসে বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের সেবায় বাংলাদেশের সাথে অংশ নিতে পেরে যুক্তরাষ্ট্র গর্বিত। গতকাল ১৩ ডিসেম্বর বুধবার সচিবালয়ে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিমের সাথে সাক্ষাৎ করলে তিনি একথা বলেন। এ সময় রোহিঙ্গা ইস্যুতে মিয়ানমারের নিন্দা করে জাতিসংঘের নিরাপত্তা পরিষদে ভূমিকা রাখায় যুক্তরাষ্টের প্রতি কৃতজ্ঞতা জানান স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

৭। রোহিঙ্গা সংকট সমাধানে জাতিসংঘের পাঁচ সুপারিশ

চলমান রোহিঙ্গা সংকট সমাধানে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের গভীর পর্যবেক্ষণ চায় বাংলাদেশ। বাংলাদেশের পক্ষে এই দাবি জানান জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত মাসুদ বিন মোমেন। রোহিঙ্গা বিষয়ে জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস এর পক্ষ থেকে পাঁচদফা সুপারিশ পেশ করা হয়েছে। নিউইয়র্কে গত (১২ ডিসেম্বর) মঙ্গলবার নিরাপত্তা পরিষদের বৈঠকে রোহিঙ্গা সমস্যা সমাধানে এসব বিষয় উঠে আসে। মহাসচিবের পক্ষে ৫টি সুপারিশ উপস্থাপন করেন জাতিসংঘের রাজনীতি বিষয়ক আন্ডার সেক্রেটারি জেনারেল জেফ্রি ফেল্টম্যান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২)।

৮। খাদ্য ঘাটতি মোকাবিলায় জিএম ফসলের দিকে যেতে হবে : কৃষিমন্ত্রী

পৃথিবীর বিভিন্ন দেশে জেনিটিক্যালি মোডিফাইড (জিএম) ফসলের চাষ হচ্ছে। জিএম ফসল কোথাও কোনো ক্ষতিকর প্রভাব ফেলছে তা জানা যায়নি। অধিক জনসংখ্যার খাদ্য ঘাটতি মোকাবেলায় আমাদের জিএম ফসলের দিকে যেতে হবে। আমরা সাবধানতা অবলম্বন করব কিন্তু রক্ষণশীলতার বেড়াজালে নতুন প্রযুক্তি গ্রহণ

করব না, তা হবে না। গতকাল ১৩ ডিসেম্বর বুধবার বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল অডিটরিয়ামে 'ফিড দ্য ফিউচার বায়োটেকনোলজি পটেটো পার্টনারশিপ' প্রকল্পের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.১)।

**৯।	জনশক্তিখাতে অনিয়ম বরদাশত করা হবে না : প্রবাসী কল্যাণমন্ত্রী**

প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী নুরুল ইসলাম বিএসসি বলেছেন, জনশক্তি প্রেরণে দুর্নীতি, হয়রানি ও অনিয়ম বরদাশত করা হবে না। তিনি গতকাল **১৩** ডিসেম্বর বুধবার ডেইলি স্টার ভবনে 'অভিবাসন কূটনীতি : সাফল্য, সীমাবদ্ধতা ও করণীয়' শীর্ষক সংলাপে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। মন্ত্রী বলেন, অভিবাসন ব্যয় কমানো, ভিসা ট্রেডিং বন্ধ, নতুন শ্রমবাজার তৈরি, দক্ষকর্মী প্রেরণ, ডায়াসপোরাদের সম্পৃক্ত করা, নারীকর্মীদের সুরক্ষাসহ অভিবাসীকর্মীদের সার্বিক নিরাপত্তা ও কল্যাণ করাই সরকারের মূল লক্ষ্য। অভিবাসনখাতে এ বছর রেকর্ডসংখ্যক ৯ লাখ ৬৪ হাজার কর্মীর বিভিন্ন দেশে কর্মসংস্থান, অনলাইন ভিসা চালু, কর্মী প্রেরণে ডিজিটালাইজেশন পদ্ধতির ব্যবস্থা, স্মার্ট কার্ড প্রবর্তনসহ অভিবাসন কূটনীতিতে উল্লেখযোগ্য সাফল্য অর্জিত হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.২), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (পৃ.৩,ক.৩), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫)।

**১০।	থার্টিফার্স্ট নাইটে উন্মুক্ত অনুষ্ঠানে নিষেধাজ্ঞা :**
শহিদ বুদ্ধিজীবি দিবস, বিজয় দিবস, বড়দিন ও থার্টিফার্স্ট নাইটকে সামনে রেখে নিরাপত্তা জোরদার

শহিদ বুদ্ধিজীবী দিবস, বিজয় দিবস, বড় দিন এবং থার্টিফার্স্ট উপলক্ষে রাজধানীতে নেওয়া হচ্ছে কঠোর নিরাপত্তা ব্যবস্থা। বিজয় র‌্যালিকে কেন্দ্র করে পোষাকদারী পুলিশের পাশাপাশি সাদা পোষাকেও থাকবে র‌্যাব পুলিশ। থার্টিফার্স্ট নাইটে উন্মুক্ত স্থানে কোনো সমাবেশ করা যাবে না। এছাড়া মহান বিজয় দিবস ও শহিদ বুদ্ধিজীবী দিবসেও নিরাপত্তা জোরদার থাকবে। গতকাল বুধবার স্বরাষ্ট্রমন্ত্রণালয়ে আইনশৃঙ্খলা বাহিনীর এক বৈঠকে এসব সিদ্ধান্ত নেওয়া হয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রণালয় ও ডিএমপি জানায়, রাজধানীর কূটনৈতিক এলাকা ও বিদেশি খ্রিস্টান মেহমান যেসব এলাকায় থাকবেন এমন সব এলাকায় বিশেষ নিরাপত্তা ব্যবস্থা থাকবে। **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৮)।

সম্পাদকীয়

ক.	**জনকণ্ঠ, ইনকিলাব, সংবাদ, প্রথম আলো, ভোরের কাগজ, সমকাল, যুগান্তর, যায়যায়দিন, ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টার :** আজ শহিদ বুদ্ধিজীবী দিবস উল্লেখ করে শহিদ বুদ্ধিজীবীদের উত্তরসূরী হিসেবে নতুন প্রজন্মের রাজনীতিক, শিক্ষাবিদ, সাংস্কৃতিককর্মী, লেখক ও নাগরিক সমাজ সব ভেদাভেদ ভুলে দেশের জন্য কাজ করে যাবেন বলে প্রত্যাশা ব্যক্ত।

খ.	**ইত্তেফাক, জনকণ্ঠ :** জনগণের সেবায় উন্নত দেশের মতো এদেশেও প্রথমবার কোনো ব্যয় ছাড়াই পুলিশ, ফায়ার সার্ভিস ও অ্যাম্বুলেন্স সেবা ৯৯৯ নম্বরে কল করলেই পাওয়া যাবে উল্লেখ করে এ ধরণের উদ্যোগের সফলতা কামনা।

গ.	**প্রথম আলো :** জামালপুরের মেলান্দহ উপজেলায় একটি সেতুর একাংশ তিনবছর ধরে ভেঙে পড়ে থাকলেও তা মেরামতের উদ্যোগ নেওয়া হচ্ছে না উল্লেখ করে দ্রুত এ সেতু নির্মাণের কাজ শুরু করার সুপারিশ।

ঘ.	**সমকাল :** মাতামুহুরী নদীর চকরিয়া উপজেলার বিভিন্ন অংশে এক শ্রেণির মৎস্য শিকারি বিষ প্রয়োগ করে মাছ ধরার কারণে মাছের বংশ বিস্তার মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে উল্লেখ করে এ কাজে জড়িত দুর্বৃত্তদের আইনের আওতায় আনার দাবি।

ঙ.	**বাংলাদেশ টুডে :** দেশের জনসংখ্যা সীমিত রাখতে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

চ.	**ডেইলি সান :** পেঁয়াজের মূল্যবৃদ্ধি রোধে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ.	**নিউজ টুডে :** রাজধানীতে রাস্তা-ঘাট ও যেখানে সেখানে ময়লা আবর্জনা ফেলে রাখায় তা পরিবেশ দূষিত

করছে উল্লেখ করে যথাযথ বর্জ্যব্যবস্থাপনা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

ভোরের কাগজ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, শহিদ বুদ্ধিজীবীগণ সবসময় আমাদের মাথা উঁচু করে মর্যাদাবান জাতি হিসেবে সাহসের সঙ্গে এগিয়ে যাওয়ার প্রেরণা জুগিয়ে যাবেন বলে অভিমত প্রকাশ।

নিবন্ধ ও ফিচার

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত কলামে **'ভাষার ব্যবহার ও সামাজিকতা শিক্ষার দায়'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে শিক্ষায় ভাষার ব্যবহার যাই হোক না কেন, শিক্ষার মুখ্য উদ্দেশ্য হওয়া উচিত মূল্যবোধসম্পন্ন নান্দনিক এবং মানবিক গুণাবলিসমৃদ্ধ আগামী প্রজন্ম তৈরি করা।

#

খাদীজা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০